

## সমুদ্র শহরে সুরের মায়াজাল



দূর থেকে হঠাৎ মনখারাপ করা বাঁশির সুর ভেসে আসে। ক্ষণিকের জন্য নড়েচড়ে বসে সমুদ্রকন্যা। আরো বেশি কিছু শোনার জন্য ব্যাকুল হয় ইন্দিয়গলো। বাঁশির বিষণ্ণতার সঙ্গে গিটারের টুংটাং মিশে যায় হঠাৎই। একটি ভরাট কণ্ঠের সুর ছড়িয়ে পড়ে সারা ঘরে। সমুদ্র শহরের মানুষগুলোর কানে কানে তাদের অতি আপন এক গায়ক গেয়ে যায়... 'পাল তোলা নায়/হাল ধরা মাঝি হয়ে বসে আছি/মাঝ দরিয়ায়/যদি কলতানে জোয়ারে জোয়ারে/ ভেসে আসো এই নির্জনতায়/আমি ঢেউ গুনেছি/তুমি আসবে জানি/সেই আশায়...' সে মনখারাপ করা সুর এক সময় সমুদ্রকন্যার ঠোঁট দু'টোও নাড়িয়ে দেয় যেন। গায়কের সঙ্গে সঙ্গে সারাঘরের মানুষগুলোও গাইতে থাকে তখন বিষণ্ণ সুরের সুন্দর সেই গান।

সমুদ্র শহরে সন্ধ্যা নামে...

দূর চট্টগ্রামের এক মিলনায়তনে গানটি গাইছিলেন আইয়ুব বাচ্চু। ২৩ আগস্ট, শুক্রবার। শহরে সবে সন্ধ্যা নেমেছে। ঘড়ির কাঁটা ৭টার ঘরে। ইঞ্জিনিয়ার্স ইন্সটিটিউটের বাইরে তখন প্রচণ্ড ভিড়। নেসলে আর ইউনিট্রেন্ড লিঃ-এর আয়োজনে চট্টগ্রামে অনুষ্ঠিত

হচ্ছে প্রথমবারের মতো 'নেসক্যাফে ক্লাসিক্স আনপ্লাগড কনসার্ট'। এ সিরিজের আজ নবম কনসার্ট। আগের ৮টি ক্লাসিক কনসার্ট ঢাকার শ্রোতা-দর্শক দারণ উপভোগ করেছেন। ব্যতিক্রমী ধারার এ কনসার্টটি যেন সারাদেশের সঙ্গীতানুরাগীরাই কখনো না কখনো উপভোগ করতে পারেন- সে কমিটমেন্ট ছিলো নেসলে অর্থাৎ কনসার্ট আয়োজকদের। তার প্রথম পদক্ষেপ হিসেবে চট্টগ্রামে প্রথমবারের মতো আনপ্লাগড কনসার্টের আয়োজন। কথাগুলো জানালেন নেসলের কমিউনিকেশন অ্যান্ড কনজিউমার সার্ভিস ম্যানেজার আশরাফ বিন তাজ। এলআরবি দেশের শীর্ষস্থানীয় এবং প্রচণ্ড জনপ্রিয় ব্যান্ড। আর একটা ব্যাপার হচ্ছে আইয়ুব বাচ্চু সহ এলআরবি'র সদস্যরা চট্টগ্রামেরই সন্তান। এ দু'টো ব্যাপারের কারণেই এলআরবি'কে দর্শকদের সামনে আনার চেষ্টা করা হয়েছে- জানালেন তিনি।

গানের খোঁজে, প্রাণের খোঁজে

কনসার্ট শুরু হতে তখনো আধঘন্টা। কিন্তু সমুদ্র আর পাহাড়ের চূড়ায় অন্ধকার নামার আগেই চট্টলার গানপাগল মানুষগুলোকে ভিড় জমাতে দেখা গেল ইঞ্জিনিয়ার্স ইন্সটিটিউটের

সফল একটি কনসার্ট শেষে আয়োজক নেসলে ও ইউনিট্রেন্ড-এর কর্মকর্তাদের মাঝে আইয়ুব বাচ্চু



### কনসার্টের গানগুলো

১. পাল তোলা নয় ২. দু'টি মন
৩. এখন অনেক রাত ৪. মেয়ে
৫. নীল নয়না (আনরিলিজড)
৬. বারো মাস ৭. মাধবী
৮. সেই তুমি (চলো বদলে যাই)
৯. গতকাল রাতে
১০. মন শুধু মন ছুঁয়েছে (নকীব খান)
১১. রূপালী গিটার
১২. একচাল টিনের ঘর
১৩. ঈমানটা শক্ত করো (প্রকাশিতব্য অ্যালবাম 'কাফেলা')
১৪. উড়াল দেবো আকাশে
১৫. মন চাইলে মন পাবে
১৬. হাসতে দেখো ১৭. বাংলাদেশ

সামনে। বরাবরের মতো এবারও আনপ্লাগড কনসার্টের সিলেঞ্জিভ অডিয়েন্স। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, ইউএসটিসি, আইইউবি'র স্টুডেন্টদের মধ্য থেকে প্রতিযোগিতার মাধ্যমে অডিয়েন্স বেছে নেয়া হয়েছে। তাছাড়া শহরের এলিট শ্রেণীও ছিলো ইনভাইটেড অডিয়েন্স। অডিটোরিয়ামে ঢোকান পথে সিকিউরিটি বেশ কড়া। যার কারণে বিশাল দর্শকের সারি বেশ সুশৃঙ্খলভাবে ঢুকতে অডিটোরিয়ামের চেয়ারগুলো ভরে ফেলতে থাকে। আইয়ুব বাচ্চু, টুটল, স্বপন, রিয়াদ-এর এলআরবি স্টেজে উঠে গেছে ততোক্ষণে। বাইরে ভিড় কমছে, কিন্তু ভেতরে বাড়ছে। বাচ্চু বাঁশি বাদক মনিরুজ্জামানকে ডাকলেন স্টেজে। তরুণ তরুণীদের হৈ চৈ কলকাকলিতে মিলনায়তন জেগে উঠছে। হঠাৎই সুর লহরি ছড়িয়ে দেন বাচ্চু- কণ্ঠ ছেড়ে গেয়ে ওঠেন কনসার্টের প্রথম গান 'পালতোলা নায়'। এরপর রাত সাড়ে ৯টা পর্যন্ত জনপ্রিয় সব গান গেয়ে আইয়ুব বাচ্চু চট্টগ্রামের দর্শকদের মাতিয়ে রাখেন।

শেখ মনজু

ছবি : তুহিন হোসেন